

প্রোফাইল



নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০তম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি মুন্সিগঞ্জ জেলার, গজারিয়া উপজেলার, মিরপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা হাজী শের মোঃ আব্দুল হক প্রধান (মুক্তিযোদ্ধা), মাতা হাজী চান বাহার বেগম। তাঁর শিক্ষা জীবন শুরু হয় উত্তর শাহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। তিনি ভাটের চর দে. এ. মান্নান পাইলট হাই স্কুল থেকে মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় প্রথম বিভাগে এবং সরকারি হরগঙ্গা কলেজ মুন্সিগঞ্জ থেকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় প্রথম বিভাগে পাশ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন গণিত ও ইংরেজী সহ স্নাতক এবং গণিতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন।

জনাব এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২৮/০৫/২০০১ তারিখে রাজশাহী বিভাগে সহকারী কমিশনার (শিক্ষাবিস) পদে যোগদান করেন। তিনি কুড়িগ্রাম জেলায় সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে কর্মজীবন শুরু করেন। তিনি মাঠপ্রশাসনে বিভিন্ন জেলা ও উপজেলার বিভিন্ন পদে সাফল্যের সাথে সরকারি দায়িত্ব ও কর্তব্য পালন করেন। তিনি ২০০৪ সনে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রিয়াল ক্ষমতাপ্রাপ্ত হন। তিনি কুড়িগ্রাম ও মানিকগঞ্জ জেলায় প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট ও দ্রুত বিচার আদালতের ম্যাজিস্ট্রেট, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। তিনি সরকারি স্বার্থে উচ্ছেদ অভিযান পরিচালনা, মোবাইল কোর্ট পরিচালনা, পাবলিক পরীক্ষা, জাতীয় নির্বাচন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, সরকারের গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন ও আইন শৃংখলা রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। মানিকগঞ্জ জেলায় কর্মকালীন তিনি ১৫/১০/২০০৬ তারিখে সিনিয়র স্কেলে পদোন্নতি প্রাপ্ত হন। তিনি সুনামগঞ্জ জেলার শাল্লা, কুমিল্লা জেলার ব্রাহ্মনপাড়া, খাগড়াছড়ি জেলার খাগড়াছড়ি সদর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) হিসেবে সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি কক্সবাজার জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি'র) দায়িত্ব পালন করেন। গত ১২/১০/২০১৫ তারিখে তিনি “সিনিয়র সহকারী সচিব” হিসেবে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদান করে জাহাজ শাখার দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারিভাবে বিভিন্ন প্রশিক্ষণ ও সেমিনারে ইংল্যান্ড, ভারত ও চীন ভ্রমণ করেছেন। ২০০২ সালে তিনি জোহরা বেগমের সাথে পরিণয় সূত্রে আবদ্ধ হন। তাঁর সহধর্মিনী জোহরা বেগমও বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০তম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি বর্তমানে উপসচিব হিসেবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কপিরাইট অফিসে উপ-নিবন্ধক পদে কর্মরত রয়েছেন। সুখময় সংসার জীবনে তিনি দুই সন্তানের জনক। তিনি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে জড়িত রয়েছেন। ভ্রমণ করা, ঐতিহাসিক ও প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত স্থান সমূহ পরিদর্শন করা তাঁর সখ। তিনি আধুনিক বাংলা ও হিন্দি গান শুনতে পছন্দ করেন।

তিনি তাঁর কর্মজীবনে কর্মকালীন প্রশিক্ষণ, ২৯তম বুনিয়াদি প্রশিক্ষণ, ৪৬তম আইন ও প্রশাসন কোর্স, বিসিএস অফিসার্স সার্ভে এন্ড সেটেলমেন্ট ট্রেনিং, বিসিএস অফিসার্স ওরিয়েন্টেশন ট্রেনিং কোর্স, কম্পিউটার ও স্পোকেন ইংলিশ কোর্স, ম্যাজিস্ট্রেটগণের ৪র্থ সঞ্জিবনী প্রশিক্ষণ কোর্স, ফিটলিষ্টভুক্ত ইউএনওদের ৪র্থ ওরিয়েন্টেশন কোর্স, সহকারী রিটানিং অফিসারদের প্রশিক্ষণ, উপজেলা পরিষদ ওরিয়েন্টেশন কোর্স, ৫ম বেসিকে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স, ৯ম ক্রয় বিক্রয় ব্যবস্থাপনা কোর্স, প্রশিক্ষকদের প্রশিক্ষণ কোর্স এলজিএসপি-২, ১৪তম দুর্নীতি প্রতিরোধ প্রশিক্ষণ, পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন প্রশিক্ষণ, বিশেষ ড্রাইভিং প্রশিক্ষণ, ভারতে Mid-Career Training Programme in Field Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণ এবং চীনে Seminar on Management for International Logistics for Developing Countries প্রশিক্ষণ গ্রহণ করেছেন।